

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

“ পবিত্র ঈদ-উল-আযহা-২০২৪ উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি ”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল সদর উপজেলার নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত পবিত্র ঈদ-উল-আযহা-২০২৪ উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারার জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে ইচ্ছুক/ আগ্রহী ইজারাদার/ ব্যক্তিগণের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।


পবিত্র ঈদ-উল-আযহা-২০২৪ উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারার তফসিল :

অস্থায়ী হাটের নাম	ইউনিয়নের নাম	সম্ভাব্য ইজারা মূল্য	সিডিউল মূল্য	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্র বাস্তব খোলার সময়
রসুলপুর বাজার হাট	গালা	৫০,০০০/-	৫০০/-	১২/০৬/২৪	১৩/০৬/২৪	সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত	বেলা ২.৩০ টা
গড়াসিন হাইস্কুল মাঠ	করটিয়া	৭৫,০০০/-	৫০০/-				

দরপত্র সিডিউল বিজ্ঞপ্তিতে উল্লিখিত হাটের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে আগামী ১২/০৬/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে বিক্রয় হবে। আগামী ১৩/০৬/২০২৪ খ্রি: তারিখ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় রক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাগণের (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র উন্মোচন করা হবে। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

“শর্তাবলী”


- ০১। পবিত্র ঈদ-উল-আযহা-২০২৪ উপলক্ষে অস্থায়ী পশু হাটের জন্য ইজারা দেয়া হবে। এখানে উল্লিখিত শর্তাবলী ছাড়াও প্রচলিত সকল সরকারি বিধি-বিধান প্রযোজ্য হবে।
- ০২। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার পর দরপত্রের উল্লিখিত দর এবং দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে।
- ০৩। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৪। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ০৫। প্রত্যেক হাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৬। ইজারাদার কোন ক্রমেই হাট অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ০৭। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৮। ইজারাদার নিজ খরচে হাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ০৯। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১০। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১১। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১২। হাট ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলা দায়েরের মাধ্যমে আদায় করা যাবে।
- ১৩। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৪। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



হাসান-বিন-মুহাম্মাদ আলী
উপজেলা নির্বাহী অফিসার
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ০৪। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
- ০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
- ০৭। মেয়র, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।
- ০৮। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/ রাজস্ব), টাঙ্গাইল।
- ০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), টাঙ্গাইল।
- ১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/ স ও জ/ এলজিইডি/পাউবো বিভাগ, টাঙ্গাইল।
- ১২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।
- ১৩। সহকারী কমিশনার(ভূমি), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ১৪। অফিসার-ইন-চার্জ, টাঙ্গাইল মডেল থানা।
- ১৫। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, টাঙ্গাইল।
- ১৬। জেলা রেজিস্ট্রার, টাঙ্গাইল।
- ১৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, টাঙ্গাইল শাখা।
- ১৮। উপজেলা..... অফিসার(সকল), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ১৯। চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ(সকল), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
- ২০। ইউনি ভূমি সহকারী কর্মকর্তা, -----ইউনিয়ন ভূমি অফিস, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। দরপত্র বিজ্ঞপ্তি জনসাধারণের জ্ঞাতার্থে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচার পূর্বক ইজারা দরপত্র দাখিলের ২ দিন পূর্বে জারী প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ২১। জনাব.....
- ২২। নোটিশ বোর্ড।


উপজেলা নির্বাহী অফিসার
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।